৪৩. বাংলা ভাষাকে আফ্রিকার কোন দেশ অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে- [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]

**Or,**

**Besides Bangladesh, which country recognizes Bangla as one of its official languages?** [Trust Bank Ltd. Asst. Officer : 12 / SIBL Officer : 04]

**Or,**

**Which country has adopted Bangla as one of their state language?** [ICB Officer : 11 / Uttara Bank Ltd. Probationary. Officer : 09]

ⓚ লাইবেরিয়া ⓖ নামিবিয়া
ⓖ হাইতি ⓘ সিয়েরা লিওন **উত্তর: ঘ**

৪৪. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মরণে দেশের বাইরে বিশ্বের প্রথম স্মৃতিসৌধটি নির্মিত হয় অস্ট্রেলিয়ার কোন নগরীতে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ⓚ ব্রিজবেন ⓖ পার্থ
ⓖ সিডনি ⓘ মেলবোর্ন **উত্তর: গ**

৪৫. **Which International Organization has achieved '*Ekushey Padak 2003*'?/ কোন আন্তর্জাতিক সংস্থা 'একুশে পদক- ২০০৩' লাভ করে?** [Jahangirnagar University (Law) : 12-13 / Janata Bank Ltd Senior Officer :11/ Pubali Bank Ltd. Senior Officer : 10]

ⓐ UNICEF ⓑ UNFPO ⓒ UNO
ⓓ UNESCO ⓔ None of them **Ans. d**

BCS Spotlight

## ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচন ও যুক্তফ্রন্ট

## The Provincial Election of 1954 and United Front

নির্বাচনে পূর্ব পাকিস্তানে মুসলিম লীগকে চরম শিক্ষা দেওয়ার জন্য ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর সমমনা কয়েকটি বিরোধীদল 'যুক্তফ্রন্ট' নামে একটি ঐক্যজোট গঠন করে। যুক্তফন্টে দলের সংখ্যা নিয়ে মতভেদ আছে। যথা-

| দলের সংখ্যা | | যুক্তফ্রন্টে রাজনৈতিক দল | দলের সংখ্যা | |
|---|---|---|---|---|
| বাংলাপিডিয়া মতে | ১ | মওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ | ১ | নবম-দশম শ্রেণির 'বাংলাদেশ এবং বিশ্ব পরিচয়' মতে |
| | ২ | এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন কৃষক শ্রমিক পার্টি | ২ | |
| | ৩ | মওলানা আতাহার আলীর নেতৃত্বাধীন নেজাম-ই-ইসলামী | ৩ | |
| | ৪ | হাজী দানেশের নেতৃত্বাধীন বামপন্থী গণতন্ত্রী দল | ৪ | |
| | ৫ | খিলাফতে রব্বানী পার্টি | | |


নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা এবং ২১ দফা কর্মসূচীর (21 Point Programme) ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ করে। একুশ দফা দাবীর প্রথম দাবী ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকার করা। ১৯৫৪ সালের ১১ মার্চ পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে যুক্তফ্রন্ট ২৩৭টি আসনের মধ্য ২২৩ আসনে জয়লাভ করে। ১৯৫৪ সালে ৪ এপ্রিল প্রাদেশিক নির্বাচনের পর যুক্তফ্রন্ট পূর্ব বাংলায় মন্ত্রিসভা গঠন করে। মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী হন এ.কে ফজলুল হক।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



উল্লেখ্য, শেখ মুজিবুর রহমান এই মন্ত্রিসভায় কৃষি, সমবায়, পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন। ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়। যুক্তফ্রন্ট সরকার মাত্র ৫৬ দিন ক্ষমতায় ছিল। পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ ১৯৫৪ সালের ৩০ মে ফজলুল মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করেন।



যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

## MCQ Solution

১. পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ⓚ ১৯৫৩ সালে ⓚ ১৯৫৪ সালে
ⓖ ১৯৫৫ সালে ⓖ ১৯৫৬ সালে
উত্তর: ক

২. যুক্তফ্রন্টে (১৯৫৪) রাজনৈতিক দলের সংখ্যা- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ চার ⓚ পাঁচ
ⓖ তিন ⓖ ছয়
উত্তর: খ

৩. ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টভুক্ত রাজনৈতিক দল নয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ আওয়ামী লীগ ⓚ কৃষক প্রজা পার্টি
ⓖ নেজামে ইসলাম ⓖ ন্যাশনাল আওয়ামী পার্টি
উত্তর: ঘ

৪. পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ⓚ ১৯৫২ সালে ⓚ ১৯৫৪ সালে
ⓖ ১৯৫৬ সালে ⓖ ১৯৫৭ সালে
উত্তর: খ

৫. যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ⓚ ১০ দফা ⓚ ১৬ দফা
ⓖ ২১ দফা ⓖ ২৬ দফা
উত্তর: গ

৬. ১৯৫৪ সালের নির্বাচনে কোন দল জয়লাভ করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ⓚ মুসলিম লীগ ⓚ কংগ্রেস
ⓖ ন্যাপ ⓖ যুক্তফ্রন্ট
উত্তর: ঘ

৭. কোন বছর যুক্তফ্রন্ট প্রাদেশিক নির্বাচনে জয়লাভ করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ⓚ ১৯৫২ ⓚ ১৯৫৪
ⓖ ১৯৫৬ ⓖ ১৯৫৮
উত্তর: খ

৮. পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ এ কে ফজলুল হক ⓚ চৌধুরী খালেকুজ্জামান
ⓖ মুহাম্মদ আলী ⓖ ইস্কান্দার মীর্জা
উত্তর: ক

BCS Spotlight

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

৯. **ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথম দাবি কি ছিল?** [২৮তম বিসিএস/ ২১তম বিসিএস/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ১৩ - ১৪/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১/ পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ⓚ প্রাদেশিক স্বায়ত্তশাসন ⓚh পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ

ⓖ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা ⓖh বিনা ক্ষতিপূরণে জমিদারী স্বত্বের উচ্ছেদ সাধন **উত্তর: গ**

১০. **১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে কোন শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ⓚ নিম্নবিত্ত শিক্ষিত শ্রেণি ⓚh মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণি

ⓖ উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি ⓖh মধ্য ও উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি **উত্তর: খ**

১১. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল-** [৩৭তম বিসিএস]

ⓚ ধানের শীষ ⓚh নৌকা

ⓖ লাঙ্গল ⓖh বাইসাইকেল **উত্তর: খ**

## বাংলা একাডেমি (Bangla Academy)

| | |
|---|---|
| অবস্থান | ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে |
| প্রতিষ্ঠাকাল | ৩ ডিসেম্বর, ১৯৫৫ |
| প্রতিষ্ঠার প্রেক্ষাপট | ভাষা আন্দোলন |
| বাংলা একাডেমি ভবনের পুরাতন নাম | বর্ধমান হাউস |
| প্রথম সভাপতি | মওলানা আকরাম খাঁ |
| প্রথম পরিচালক | ড. মুহম্মদ এনামুল হক |
| প্রথম মহাপরিচালক | ড. মাযহারুল ইসলাম |
| মূল মিলনায়তনের নাম | আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তন |

## MCQ Solution

১. **Which of the following institution was created due to language movement?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash) : 08] **Or,**
**ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছিল?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]

ⓐ University of Dhaka ⓑ Bangla Academy ⓒ Asiatic Society

ⓓ Nazrul Institue ⓔ Public Library **Ans. b**

২. **বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কখন?** [২৯তম বিসিএস/ ২৬তম বিসিএস/ ১৬তম বিসিএস/ পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ১৩-১৪]

ⓚ ১৯ ডিসেম্বর, ১৯৭০ ⓚh ৩ ডিসেম্বর, ১৯৫৫

ⓖ ২১ ফেব্রুয়ারি, ১৯৭১ ⓖh ১৬ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: খ**

৩. **বাংলা একাডেমির মূল ভবনের নাম কি ছিল?** [২২তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪/ সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]

ⓚ বর্ধমান হাউজ ⓚh বাংলা ভবন

ⓖ আহসান মঞ্জিল ⓖh চামেলি হাউজ **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৪. **বাংলা একাডেমির পুরাতন ভবনের নাম কি?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৩-১৪ /পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]

ⓚ কার্জন হল ⓚ বর্ধমান হাউস
ⓖ মেয়র ভবন ⓖ আহসান মঞ্জিল **উত্তর: খ**

৫. **Present name of `Bardhaman House` is** – [Bangladesh Development Bank Ltd. officer : 14]

ⓐ Bango Bhaban ⓑ Bangla Academy
ⓒ Shishu Academy ⓓ Shilpokola Academy **Ans: b**

৬. **বাংলা একাডেমির মূল মিলনায়তনটি কার নামে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ⓚ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ⓚ শামসুর রাহমান
ⓖ ভাষা-শহীদ বরকত ⓖ আবদুল করিম সাহিত্য বিশারদ **উত্তর: ঘ**

৭. **বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে ছিলেন?** [২৬তম বিসিএস]

ⓚ প্রফেসর আব্দুল হাই ⓚ ড. মুহাম্মদ শহীদুল্লাহ
ⓖ কাজী মোতাহার হোসেন ⓖ ড. এনামুল হক **উত্তর:**

ব্যাখ্যা: বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন অধ্যাপক মাযহারুল ইসলাম (২ জুন, ১৯৭২ - ১২ আগস্ট, ১৯৭৪)।


## পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র (The first Constitution of Pakistan)



ইস্কান্দর মীর্জা

পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত হয় ১৯৫৬ সালে। এ শাসনতন্ত্রের মাধ্যমে পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্র নাম ধারণ করে। পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলোকে একত্রিত করে একটি ইউনিট গঠনের ফলে এর নাম হয় 'পশ্চিম পাকিস্তান' এবং পূর্ব বাংলার নাম হয় 'পূর্ব পাকিস্তান'। পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট নিযুক্ত হন ইস্কান্দর মীর্জা।

## কাগমারী সম্মেলন (Kagmari Conference)



কাগমারী সম্মেলনে মাওলানা ভাসানী

১৯৫৭ সালের ৭ ফেব্রুয়ারি আওয়ামী লীগের সার্বিক তত্ত্বাবধানে টাঙ্গাইল জেলার সন্তোষে একটি ঐতিহাসিক সম্মেলন অনুষ্ঠিত হয় যা 'কাগমারী সম্মেলন' নামে পরিচিত। সম্মেলনে সভাপতিত্ব করেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী। সম্মেলনের প্রধান এজেন্ডা ছিল পূর্ব পাকিস্তানের স্বায়ত্বশাসন ও বৈদেশিক নীতি। অনুষ্ঠানে মওলানা ভাসানী পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের প্রতি হুশিয়ারী উচ্চারণ করে বলেন, যদি পূর্ব পাকিস্তানে শোষণ অব্যাহত থাকে তবে তিনি পশ্চিম পাকিস্তানকে 'আসসালামুআলাইকুম' জানাতে বাধ্য হবেন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## সামরিক শাসন জারি (Promulgation of Martial law)


আইয়ুব খান

পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদের পরস্পর বিরোধী এম.এল.এ দের মধ্যে মারামারির মতো এক অপ্রীতিকর ঘটনায় ডেপুটি স্পিকার শাহেদ আলী গুরুতর আহত হয়ে পরবর্তীকালে হাসপাতালে মারা যান। এই সুযোগ নিয়ে ১৯৫৮ সালের ৭ অক্টোবর এক ঘোষণাবলে তৎকালীন প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করেন। তিনি প্রধান সেনাপতি জেনারেল মোহাম্মদ আইয়ুব খানকে প্রধান সামরিক শাসনকর্তা নিয়োগ করেন। মাত্র ২০ দিনের মাথায় তিনি প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জাকে ক্ষমতাচ্যুত করেন এবং দেশত্যাগে বাধ্য করেন। ১৯৫৮ সালের ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খান নিজেকে পাকিস্তানের স্বনির্বাচিত প্রেসিডেন্ট হিসাবে ঘোষণা করেন। একই সাথে তিনি পাকিস্তানের প্রধান সেনাপতি ও সামরিক শাসকের পদেও বহাল থাকেন। প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬০ সালের ২৩ মার্চ সামরিক শাসন প্রত্যাহার করেন।

## পাকিস্তানের দ্বিতীয় শাসনতন্ত্র (The Second Constitution of Pakistan)

প্রেসিডেন্ট আইয়ুব খানের শাসনামলে ১৯৬২ সালে পাকিস্তানে দ্বিতীয় সংবিধান প্রণীত হয়। এ সংবিধানে পাকিস্তানকে একটি ইসলামী প্রজাতন্ত্র হিসাবে ঘোষণা করা হয় এবং সংসদীয় গণতন্ত্রের পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত সরকার প্রতিষ্ঠিত হয়। এ সময় পাকিস্তানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদে স্থানান্তর করা হয়।

BCS Spotlight

## হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে আন্দোলন
## Movement against Hamidur Rahman Education Commission

ছাত্ররা ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর গণতান্ত্রিক শিক্ষার দাবিতে হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে প্রতিবাদ জানায় এবং স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে দেশব্যাপী হরতাল পালন করে। এটাই ছিল স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে প্রথম গণঅভ্যুত্থান।

## ১৯৬৫ সালের রাষ্ট্রপতি নির্বাচন (The President election of 1965 )

প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬৫ সালের ২ জানুয়ারি মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে প্রেসিডেন্ট নির্বাচন দেন এবং নিজে কনভেনশন মুসলিম লীগের পক্ষ থেকে প্রেসিডেন্ট প্রার্থী হন। এমতাবস্থায় অধিকাংশ বিরোধী দল মিলিত হয়ে 'কপ' (COP = Combined Opposition Party) নামে একটি সম্মিলিত জোট গঠন করে। এ জোটের প্রার্থী ছিলেন মুহম্মদ আলী জিন্নাহর ভাগ্নী ফাতেমা জিন্নাহ। এ নির্বাচনে আইয়ুব খান মৌলিক গণতন্ত্রী পন্থায় প্রেসিডেন্ট নির্বাচিত হন।

## ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ
## (The Indo-Pak War of 1965)



১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে কাশ্মীর প্রশ্নে ভারত-পাকিস্তান সম্পর্কের অবনতি ঘটে। ৬ সেপ্টেম্বর শুরু হয় পাক-ভারত যুদ্ধ। ১৭ দিন ব্যাপী এ যুদ্ধে বাঙালী সৈন্যরা অসম্ভব সাহসিকতা দেখায়।

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## তাসখন্দ ঘোষণা (Tashkent Declaration)

| | | |
|---|---|---|
| স্বাক্ষর : ১০ জানুয়ারি, ১৯৬৬ | | স্থান : তাসখন্দ, উজবেকিস্তান |
| স্বাক্ষরকারী | ভারতের পক্ষে প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী | পাকিস্তানের পক্ষে প্রেসিডেন্ট আইয়ুব খান |
| মধ্যস্থতাকারী | সোভিয়েত রাষ্ট্রনায়ক অ্যালেক্সি কোসিগান | |
| ফলাফল | ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের যুদ্ধবিরতি এবং শান্তি প্রতিষ্ঠা | |

## MCQ Solution

১. **পাকিস্তানের শাসনতন্ত্র কবে প্রথম প্রবর্তিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৭-০৮]

ⓚ ১৯৪৭ ⓚ ১৯৫২
ⓖ ১৯৫৪ ⓖ ১৯৫৬ **উত্তর: ঘ**

২. **পূর্ববঙ্গের নাম কখন পূর্ব পাকিস্তান করা হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ⓚ ১৯৫৬ সনে ⓚ ১৯৬২ সনে
ⓖ ১৯৫২ সনে ⓖ ১৯৬৯ সনে **উত্তর: ক**

৩. **কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓚ রোজ গার্ডেনে ⓚ সিরাজগঞ্জে
ⓖ সন্তোষে ⓖ সুনামগঞ্জে **উত্তর: গ**

৪. **কাগমারি সম্মেলন অনুষ্ঠিত হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ⓚ ১৯৫৪ ⓚ ১৯৫৬
ⓖ ১৯৫৭ ⓖ ১৯৬১ **উত্তর: গ**

৫. **ঐতিহাসিক 'কাগমারী সম্মেলনে' নেতৃত্বদানকারী নেতার নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ⓚ স্যার সলিমউল্লাহ ⓚ শহীদ তিতুমীর
ⓖ মওলানা ভাসানী ⓖ সোহরাওয়ার্দী **উত্তর: গ**

৬. **প্রাক্তন-পাকিস্তানকে বিদায় জানাতে 'আসসালামুআলাইকুম' জানিয়েছিলেন কে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]

ⓚ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ⓚ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
ⓖ শেখ মুজিবুর রহমান ⓖ শের-এ বাংলা এ,কে ফজলুল হক **উত্তর: খ**

৭. **পূর্ব-পাকিস্তান এসেমব্লিতে সন্ত্রাসী ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন কে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ⓚ আবদুল হাকিম ⓚ শাহেদ আলী
ⓖ তমিজউদ্দিন খান ⓖ আবদুল মালেক উকিল **উত্তর: খ**

৮. **কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]

ⓚ ১৯৫৪ ⓚ ১৯৫৬
ⓖ ১৯৫৮ ⓖ ১৯৬২ **উত্তর: গ**

৯. **পাকিস্তানে ১৯৫৮ সালে মার্শাল ল জারি হলে ক্ষমতায় বসেন-** [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Office : 00]

ⓚ আইয়ুব খান ⓚ ইয়াহিয়া খান
ⓖ টিক্কা খা ⓖ নূর খান **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner